**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**BENGALI**

**DATE: 14 Apr. 25** **TIME: 7:35 AM**

---

রাজ্য সরকার বরাক উপত্যকা ও আপার আসামের রোগীদের সুবিধার্থে খুব শীঘ্রই শিলচর ও ডিব্রগড়ে ক্যান্সার চিকিৎসার রবটিক অস্ত্রপচার ব্যবস্থা চালু করবে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা গতকাল গুয়াহাটীর রাজ্য কর্কট প্রতিষ্ঠানে রোগীদের জন্য উত্তর-পূর্ব ভারতের প্রথম অত্যাধুনিক রবটিক অস্ত্রপচার ব্যবস্থার উদ্বোধন করে একথা বলেন । মুখ্যমন্ত্রী ড: শর্মা আরো বলেন যে আসামে উত্তর-পূর্ব ভারতের প্রথম রবটিক অস্ত্রপচারের ব্যবস্থা উৎসর্গ করে রঙালী বিহু উদযাপনের সূচণা করা হয়েছে । গুয়াহাটী মেডিকেল কলেজ ও হাসপাতালের অধীন রাজ্য ক্যান্সার প্রতিষ্ঠান এখন থেকে মেক ইন ইন্ডিয়া প্রযুক্তির মাধ্যমে কম খরচে নিখুত অংকলজিকেল অস্ত্রপচার প্রক্রিয়া প্রদান করবে বলে মুখ্যমন্ত্রী জানান ।

---

সমগ্র দেশ আজ শ্রদ্ধার সঙ্গে সংবিধান প্রনেতা তথা ভারত রত্ন ডক্টর বি আর আম্বেদকরের ১৩৫তম জন্ম জয়ন্তী পালন করছে । এ উপলক্ষ্যে আজ সকাল সাড়ে নটা থেকে বেলা সাড়ে ১২টা পর্য্যন্ত

নতুন দিল্লীর সংসদ ভবন চত্ত্বরের প্রেরনা স্থলে বাবা সাহেবকে শ্রদ্ধা জানানোর আয়োজন করা হয়েছে ।
রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু , উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনকর , প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী , লোকসভার অধ্যক্ষ ওম বিরলা আজ বাবা সাহেবের প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন ।

এদিকে বরাক উপত্যকার বিভিন্ন সংস্থা-সংগঠনের পক্ষ থেকেও আজ ডক্টর বি আর আম্বেদকরের প্রতি শ্রদ্ধা জানানো হচ্ছে ।

---

আসামে আজ রংগালী বিহুর গরু বিহু পালন করা হচ্ছে । গো - ধনের শ্রীবৃদ্ধি কামনায় গরু বিহু পালন করা হচ্ছে । গতকাল রঙালী বিহুর উরুকা পালন করা হয়েছে ।
মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা রংগালী বিহু উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন ।

এদিকে বরাক উপত্যকায় আজ চৈত্র সংক্রান্তি ও আগামীকাল পয়লা বৈশাখ উপলক্ষে প্রস্তুতি অব্যাহত রয়েছে । অন্যদিকে চৈত্র সংক্রান্তি বিভিন্ন রীতি নীতি ও পূজাপার্বনের মাধ্যমে পালন করার জন্য জনসাধারণকে নীমপাতা , এচোর ইত্যাদি সামগ্রী ক্রয় করতে এবং পূজাচর্চনার জন্য সামগ্রী ক্রয় করতে দেখা যাচ্ছে ।

---

অসম গণপরিষদ দল আসান্ন পঞ্চায়েত নির্বাচনে বিজেপি দলের সব প্রার্থীকে সমর্থন করবে বলে জানিয়েছেন । গতকাল গুয়াহাটীর

আমবারীর দলের মুখ্য কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে দলের সভাপতি অতুল বরা এবং কার্যকরী সভাপতি কেশব মহন্ত এ কথা জানিয়ে বলেন যে এই নির্বাচনের পর অনুষ্ঠেয় তিনটি স্বশাসিত পরিষদের নির্বাচনের জন্য দল কমিটি গঠন করে কাজ অব্যাহত রাখবে । দলের পক্ষ থেকে রাজ্যবাসীকে বিহুর শুভেচ্ছাও জ্ঞাপন করা হয় ।

---

রাজ্যে আগামী দোসরা এবং ৭ ই মে অনুষ্ঠেয় পঞ্চায়েত নির্বাচনের জন্য জেলা প্রশাসনগুলি ব্যাপক প্রস্তুতি অব্যাহ রেখেছে

কাছাড়ের অতিরিক্ত জেলা আয়ুক্ত তথা পঞ্চায়েত নির্বাচন-২০২৫ এর ট্রেনিং এবং কো-অর্ডিনেশন সেলের আধিকারীক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে জেলায় ভোট কর্মীদের প্রশিক্ষনের জন্য নিযুক্তপ্রাপ্ত মাস্টার ট্রেনারদের আগামী ১৭ , ১৮ এবং ১৯শে এপ্রিল শিলচর নরসিং উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় এবং কাছাড় কলেজে তিন দিনের প্রশিক্ষন কর্মশালা অনুষ্ঠিত হবে । কর্মশালার প্রথম পর্ব সকাল ১০টা থেকে দুপুর সাড়ে ১২টা এবং দ্বিতীয় পর্ব দুপুর দেড়টা থেকে বিকেল চারটে পর্য্যন্ত অনুষ্ঠিত হবে । নিযুক্তিপ্রাপ্ত মাস্টার ট্রেনারদের নিয়োগ পত্রে আবন্টিত প্রশিক্ষন কেন্দ্র এবং তারিখ অনুযায়ী নির্ধারিত সময়ের আধঘন্টা পূর্বে নির্দিষ্ট স্থানে উপস্থিত থাকতে অনুরোধ করা হয়েছে ।

---

শ্রীভূমির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তীতে আসন্ন পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠ ও শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে জেলায় ভোটের দিন সহ আগের দিন থেকে ৪৮ ঘন্টার জন্য ড্রাই ডে ঘোষনা করেছেন । এরফলে জেলায়

আগামী ৩০শে এপ্রিল বিকেল সাড়ে চারটা থেকে দোসরা মে বিকেল সাড়ে চারটা পর্য্যন্ত সমগ্র জেলায় ড্রাই ডে থাকবে । পাশাপাশি ভোট গণনার দিন আগামী ১১ই মে , ভোট গণনা শেষ না হওয়া পর্য্যন্ত ড্রাই ডে থাকবে । ড্রাই ডে চলাকালীন সময়ে জেলার সব হোলসেল ও খুচরো বিক্রি , লাইসেন্স প্রাপ্ত দেশী ও বিদেশী মদের দোকানে মদ বিক্রি ও পরিবেশন বন্ধ থাকবে । নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে আবগারী আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে বলে জানানো হয়েছে ।

---

শ্রীভূমি জেলা হজ কমিটির সদস্য সচিব তথা অতিরিক্ত জেলা আয়ুক্ত আনিস রসুল মজুমদার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে আজ শ্রীভূমি শহরের সেটেলমেন্ট বাজার জামে মসজিদে হজ প্রশিক্ষন কর্মশালা অনুষ্ঠিত হবে । প্রশিক্ষন কর্মশালা সকাল ১০টা থেকে শুরু হবে । জেলা হজ কমিটির পক্ষ থেকে এবছরের হজ যাত্রীদের কর্মশালায় অংশগ্রহন করতে অনুরোধ করা হয়েছে ।

---

বরাক উপত্যকা ক্রীড়া সাংবাদিক সংস্থা , বাকস আয়োজিত মিডিয়া ক্রিকেট ফেষ্ট-২০২৫ এর ফাইনালে হাইলাকান্দি খবর হিরোজ বিজয়ী হয়েছে । গতকাল শিলচর সতীন্দ্র মোহন দেব স্টেডিয়ামের মাঠে আয়োজিত প্রতিযোগীতার ফাইনাল খেলায় হাইলাকান্দি খবর হিরোজ ১৩ রানে নববার্তা মিডিয়া ওয়ারিয়র্স দলকে পরাজিত করে । টসে জিতে প্রথমে ব্যাট করে হাইলাকান্দি খবর হিরোজ ২০ ওভারে ৭ উইকেটে ১৯১ রান সংগ্রহ করে । জবাবে ব্যাট করতে নেমে নববার্তা

মিডিয়া ওয়ারিয়র্স ৭ উইকেট হারিয়ে ১৭৮ রান তুলতে সক্ষম হয় । ম্যাচের সেরা খেলোয়াড় নির্বাচিত হয়েছেন নববার্তার হুমায়ুন কবির । পুরষ্কার বিতরনী অনুষ্ঠানে বিধায়ক দীপায়ন চক্রবর্তী , সাংসদ সুস্মিতা দেব , সাংবাদিক তৈমুর রাজা চৌধুরী , হবিবুর রহমান চৌধুরী , জেলা ক্রীড়া সংস্থার সভাপতি শিবব্রত দত্ত ,সচিব অতনু ভট্টাচার্য্য প্রমূখ ।

বিধায়ক শ্রী চক্রবর্তী বলেন যে ------ বাইট

---

---